

## অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতরের জামাত অনুষ্ঠিত

আতিকুর রহমান ॥ এক মাস সিয়াম সাধনার পর আনন্দ ও উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে সিডনীতে পালিত হয়েছে পবিত্র ঈদুল ফিতর। এবার সিডনী শহরের প্রায় এলাকাতেই গত ১৯ শে আগষ্ট রবিবার ঈদের জামাত অনুষ্ঠিত হয়েছে। ক্যাম্বেলটাউন এলাকাস্থ বাংলাদেশীদের অন্যতম বৃহত্তর জামাত অনুষ্ঠিত হয়েছে মিন্টোস্থ ইকরা গ্রামার স্কুল মাঠে। অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে আয়োজিত জামাতে ইমামতি করেন সেফটন মসজিদের প্রাক্তন এডভাইজার ও ইমাম এবং সংগঠনের প্রাক্তন সভাপতি ড. আবু ওমর ফারুক আহমদ। জামাতে বাংলাদেশী ছাড়াও ভিন্ন দেশীর মুসল্লীরাও অংশগ্রহণ করেন। জামাতের পর ড. আবু ওমর ফারুক আহমদ ইংরেজী ও বাংলায় খুতবা প্রদান করেন। খুতবায় মিয়ানমার সরকার কর্তৃক নির্যাতিত মুসলমানদের সহায়তার জন্য সকল মুসলমানদের প্রতি আহবান জানান। অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার এবার সংগৃহীত জাকাত ও ফিতরার অর্থ (প্রায় চার হাজার ডলার) মিয়ানমারে নির্যাতিত মুসলমানদের সহায়তার জন্য প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়। খুতবার পর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ক্যাম্বেলটাউন এলাকার স্টেট এম.পি মি. ব্রায়ান ডোয়েল, ইকরা গ্রামার কলেজের ডিপুটি প্রিন্সিপাল মি. ইজাজ কারাডি এবং ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিল নির্বাচনে স্বতন্ত্র কাউন্সিলর পদপ্রার্থী মি. আবুল সরকার। ডিপুটি প্রিন্সিপাল মি. ইজাজ কারাডি ইসলামিক পরিবেশে ইকরা গ্রামার স্কুলে ছাত্রদের ভর্তির জন্য সকল অভিভাবকদের অনুরোধ জানান। ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিল নির্বাচনে স্বতন্ত্র পদপ্রার্থী আবুল সরকার বক্তব্যে অত্র এলাকার বিদ্যমান সমস্যা ও কমিউনিটির প্রয়োজনীয়তা সহায়তা প্রদানের জন্য সকল ভোটারকে গ্রুপ সি প্যানেলে ভোট প্রদানের অনুরোধ জানান। অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সাধারণ সম্পাদক ড. আনিছুল আফছার অনুষ্ঠানের উপস্থাপকের দায়িত্ব পালন করেন। সবশেষে মানুষের কল্যান ও সুখ-শান্তির জন্য মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন মিন্টো মসজিদস্থ কিবলা কলেজের প্রাক্তন প্রিন্সিপাল ও ইমাম শেখ

আনোয়ার গালি এবং ড. আবু ওমর ফারুক আহমদ। মোনাজাতের পর একে অপরের সাথে কোলাকুলি ও ঈদের শুভেচ্ছা বিনিময় করা হয়।



